

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজা খবর হোসেন মানিক দিয়ে

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা গোপালগঞ্জে ৬ জনের জেল-জরিমানা

 ১৩ মে, ২০১৮ ইং ০০:০০ মি:

গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জে শুক্রবার প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ৬ পরীক্ষার্থীর জেল-জরিমানা করেছেন আম্যমাণ আদালত। জেল-জরিমানাপ্রাপ্ত পরীক্ষার্থীরা হলেন- শংকর দাস, শিউলি মজুমদার, কনা মল্লিক, হামিদা আক্তার, মিম বালা ও তনুজা বিশ্বাস।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ মাসুদ ভুঁইয়া জানান, নিয়োগ পরীক্ষা চলাকালে ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করে পরীক্ষায় অংশগ্রহণের অভিযোগে গোপালগঞ্জ স্বর্ণকলি উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ছয় পরীক্ষার্থীকে বহিষ্কার করে তাদের আম্যমাণ আদালতে সোপর্দ করা হয়। পরে আম্যমাণ আদালতের বিচারক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মোহসিন উদ্দিন ওই ছয়জনের মধ্যে শংকর দাসকে সাতদিনের সাজা ও অন্য পাঁচজনকে এক হাজার টাকা করে জরিমানা করেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসর আরো জানিয়েছে, জেলায় প্রাথমিক বিদ্যালয়ের ২শ' সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য ২১টি কেন্দ্রে ১৪ হাজার ২০ জন পরীক্ষার্থী অংশ নেন।

তারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত